

115/Beng.(O)

UG/1st Sem/BNGH-GE-T-1/23

২০২৩

বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGH-GE-T-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার,

বৈষ্ণব পদাবলী

(Old CBCS Syllabus)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রসঙ্গমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$

- ক) উদাহরণসহ উপমা অলংকারের সংজ্ঞা দাও।
- খ) চর্যাপদে কতজন কবির, কতগুলি পূর্ণাঙ্গ গানের উল্লেখ পাওয়া যায়?
- গ) শ্রীকৃষ্ণদাস কবিরাজ রচিত 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত? গ্রন্থটির অধ্যায় সংখ্যা উল্লেখ করো।
- ঘ) বাংলা ভাষায় রচিত দুটি চৈতন্যজীবনী গ্রন্থের নাম ও রচয়িতার নাম উল্লেখ করো।
- ঙ) সাধককবি রামপ্রসাদ কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?

[পরের পাতায়]

- চ) নারায়ণদেব কোন বঙ্গের কবি ছিলেন? তাঁর কাব্যে প্রকাশিত মঙ্গলকাব্যের দুটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখো।
- ছ) 'অহর্নিশি রহত অগোর'— 'অগোর' শব্দের অর্থ কী? কার সম্বন্ধে বলা হয়েছে?
- জ) চর্যাপদের পুঁথিতে প্রকৃতপক্ষে পদের সংখ্যা কত ছিল? মোট কতগুলি পদ পাওয়া গিয়েছিল?
- ঝ) "একদিঠ করি ময়ূর ময়ূরী।  
কণ্ঠ করে নিরীক্ষণে।" — রাধা এরূপ কাজ করেছেন কেন?
- ঞ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত? তিনি কোন সময়ের কবি? তাঁর কাব্যের খণ্ডগুলির নাম লেখো।
- ট) কলাবৃন্দ ছন্দের মাত্রাগণনা পদ্ধতিটি কী?
- ঠ) দল কাকে বলে? 'ছন্দ' শব্দটিতে কয়টি দল রয়েছে ও কী কী?
- ড) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে'— উদ্ধৃতিটি কোন অলংকারের দৃষ্টান্ত?
- ঢ) বক্রোক্তি অলংকারের একটি দৃষ্টান্ত দাও।
- ণ) রামপ্রসাদের রচিত একটি গ্রন্থের নাম লেখো। তাঁর জন্মস্থান কোথায়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ছন্দলিপি প্রণয়ন করো:

"ভূতের মতন চেহারা যেমন, নির্বোধ অতি ঘোর।

যা কিছু হারায়, গিম্বি বলেন, কেণ্টা বেটাই চোর।"

- খ) সন্ধ্যা ভাষা কাকে বলে? চর্যাপদে এই ভাষার ব্যবহার কীভাবে হয়েছে তা বুঝিয়ে দাও।
- গ) বাংলা মঙ্গলকাব্য ধারায় অন্নদামঙ্গল কাব্যকে 'নূতন মঙ্গল' বলার কারণ ব্যাখ্যা করো।
- ঘ) চর্যাপদাবলীতে সমাজজীবনের যে ছবি পাওয়া যায়, তা বুঝিয়ে দাও।
- ঙ) 'রূপ লাগি আঁখি বুঝে' পদটির ভাবসৌন্দর্য বুঝিয়ে দাও।
- চ) শ্লেষ অলংকার ও যমকের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের গুরুত্ব আলোচনা করো।
- খ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর শ্রেষ্ঠত্বের কারণ বর্ণনা করো।
- গ) দলবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করো।
- ঘ) কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।